

GCSE BENGALI

H

Higher Tier Paper 1 Listening Test Transcript

Monday 5 June 2023 Afternoon Time allowed: 45 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

FOR INVIGILATOR'S USE ONLY

The pauses are pre-recorded for this test.

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

Section A

Questions and answers in English

- 0 1 F1** সিলেট শহরের সব এলাকাতেই কম-বেশি সুবিধা-অসুবিধা থাকলেও সম্প্রতি এই এলাকায় গড়ে ওঠা আধুনিক দোকানপাটের কারণে লোকজন বাড়তি সুবিধা পাচ্ছেন। তবে নানা রকম উন্নয়ন ও সুযোগ সুবিধার ফলে বাড়ি ভাড়া বেড়ে যাওয়ায় এই এলাকায় থাকা খুব সহজ না।
- 0 2 M2** ব্যস্ত জীবনযাপনের সাথে সাথে এলাকায় অপরাধের সংখ্যা বাড়ার ফলে লোকজনের দুশ্চিন্তাও বেড়ে গেছে। অবশ্য এলাকাবাসীরা একে অপরের সাহায্যে এগিয়ে আসে।
- 0 3 F1** আমি তাসনিম। আমি দূরে গ্রামের দিকে বেড়াতে চাই। সেখানে জিনিসের দাম সস্তা আর টাটকা মাছ খাওয়া যায়।
- M1** আমি আলামিন, সাঁতার শেখাই। তবে সাঁতার শেখাতে নয়, আমার উপভোগের জন্যই বেড়ানোর জায়গায় সাঁতারের ব্যবস্থা চাই।
- F2** রুন্নু বলছি। খরচ নিয়ে ভাবি না, তবে বেড়ানোর জায়গায় আমার মাছ ধরার সুযোগ পেলে খুব ভালো হয়।
- 0 4 M1** এবারের ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে আমরা স্কুলের করিডোরের জন্য একটি দেয়ালিকা বানাচ্ছি। আমরা ঠিক করেছি আগামী বছর স্কুলে একটি প্রদর্শনীর ব্যবস্থা করবো। গতবারে শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোও সফল হয়েছিলো।
- 0 5 F1** বাঙালিদের এক বিশেষ ধরনের ভাত হলো পান্তাভাত। রান্না করা ভাত পানিতে ভিজিয়ে রেখে এই পান্তাভাত তৈরি করা হয়। নানা ধরনের ভর্তা ও ভাজা মাছ দিয়ে অনেকেরই পছন্দ পান্তাভাত খাওয়া।
- 0 6 F1** দীর্ঘ সময় ধরে তৈরি করা পান্তাভাত কিন্তু রান্না করা ভাতের চেয়ে অনেক বেশি পুষ্টিকর। এর কারণ হলো এই ভাতের পুষ্টি উপাদানগুলো পানিতে মিশে যায় আর তাই সহজে হজম হয়।
- 0 7 F2** ২০২০ সালে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার পেয়েছিলেন সতেরো বছর বয়সী বাংলাদেশের সাদাত রহমান। এই পুরস্কার ছোটোদের নোবেল পুরস্কার হিসেবে পরিচিত। সুইডিশ জলবায়ু কর্মী গ্রেটা থুনবার্গও এই পুরস্কার পেয়েছিলেন। তবে সাদাতের কাজ ছিলো অনলাইন হুমকি আর হয়রানির বিরুদ্ধে তরুণদের সচেতন করা নিয়ে। তাঁর তৈরি মোবাইল অ্যাপের সাহায্যে তরুণ-তরুণীরা এ ধরনের অভিযোগ স্থানীয় পুলিশকেও জানাতে পারে। নোবেল বিজয়ী মালারা ইউসুফজাই তাঁর এই কাজের প্রশংসা করেছেন।
- 0 8 F1** ২০২১ সালের বিশ্বসেরা নতুন দালানের প্রতিযোগিতায় বাংলাদেশের একটি হাসপাতাল জার্মানির একটি গ্যালারি আর ডেনমার্কের একটি সেতুর স্থাপনাকে পেছনে ফেলে বিজয়ী হয়েছিলো।

- | | | | | |
|---|---|--|-----------|--|
| 0 | 9 | | F1 | প্রতিযোগিতায় বিজয়ী হতে হলে দালানটিতে অনেক ইতিবাচক প্রভাব থাকতে হয়। বাংলাদেশের দালানটি এমনভাবে তৈরি যে জ্বালানি ব্যবহার না করে পরিবেশবান্ধব উপায়ে এর ভেতরের তাপমাত্রা নিয়ন্ত্রণ করা সম্ভব। |
| 1 | 0 | | F1 | দালানটির ছাদ ও বারান্দা থেকে পড়া বৃষ্টির পানি জমা করা হয় একটি জলাশয়ে। এই জলাশয়ের আশেপাশের গাছ, পাখি আর প্রাকৃতিক আলো দালানের মানুষের মনকে সতেজ রাখে। |
| 1 | 1 | | M1 | বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে বাংলাদেশ থেকে ইংল্যান্ডে পড়ার জন্য আসতে হলে আপনি দেশে বাংলা বা ইংরেজি যে ভাষাতেই লেখাপড়া করে থাকুন না কেন, আপনাকে ইংরেজি ভাষা দক্ষতার পরীক্ষা দিতে হবে। |
| 1 | 2 | | M1 | এছাড়াও ইংল্যান্ডে পড়ার আর্থিক স্বচ্ছলতার প্রমাণ ভিসার আবেদনপত্রে আপনাকে জমা দিতে হবে। |
| 1 | 3 | | M1 | ইংল্যান্ডের রাজধানী শহরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে লেখাপড়ার খরচ যেমন বেশি, তেমনটাই বেশি খরচ সেখানকার জীবনযাপনের। সেই তুলনায় রাজধানীর বাইরের শহরের শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়াসহ যাবতীয় খরচ সাশ্রয়ে করা যায়। |
| 1 | 4 | | F2 | বিয়ের অনুষ্ঠানটি হয়েছিলো বিশাল একটি মিলনায়তন ভাড়া করে। অত্যন্ত সুন্দর করে সাজানো মিলনায়তনটি। তবে অতিথিদের ভিড়ে শীতাতপ নিয়ন্ত্রণ চালু থাকা সত্ত্বেও আমি ঘামছিলাম। |
| 1 | 5 | | F2 | বর-কনের পোশাক জমকালো হলেও কোনো বাহুল্য নেই। আমার মতে এতে নিজেদের সংস্কৃতির পরিচয় ঠিকই ধরে রাখা হয়েছে। |
| 1 | 6 | | F2 | বিয়ের অনুষ্ঠানের খাবার! এর তো কোনো তুলনাই চলে না। প্রত্যেকটা পদের স্বাদের কথা বলে বোঝানোর মতো না। তবে খাবারে বেশি ঘি ব্যবহার করায় বেশি একটা খাওয়া গেলো না। |
| 1 | 7 | | F2 | আজকালকার বিয়ের অনুষ্ঠানের মতো এই বিয়েতেও গানের ব্যবস্থা ছিলো, তবে তা বিদেশি। আমি মনে করি এটা আমাদের প্রথা ও সামাজিক রীতিনীতির সাথে যায় না। |
| 1 | 8 | | M2 | একসময় পরিবারে মেয়েসন্তান জন্ম নিলে মা-বাবা সেই সন্তানকে ঘরের কাজকর্ম আর বিয়ের জন্য প্রস্তুত করতেন। আজকাল মেয়েসন্তানের প্রতি মা-বাবার মনোভাবের পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনের কারণগুলোর মধ্যে আছে পরিবারের অর্থনৈতিক উন্নয়ন অর্জনে মেয়েদের অগ্রণী ভূমিকা। এছাড়াও শিক্ষাক্ষেত্রে মেয়েরা এখন আগের চেয়ে অনেক ভালো করছে। বাংলাদেশ সরকারও নারীদের প্রতি বৈষম্য কমিয়ে সমতা আনার জন্য অনেক পদক্ষেপ গ্রহণ করেছেন। মেয়েদের জন্য শিক্ষাবৃত্তি চালু রেখে তাদের শিক্ষায় অংশগ্রহণের সুযোগ রেখেছেন। মানসম্মত জীবিকার জন্য মেয়েদের দক্ষতার প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। |

- | | | | | |
|---|---|--|-----------|---|
| 1 | 9 | | F1 | আমি নিতু। বাংলাদেশের সেন্ট মার্টিন দ্বীপের জীবজন্তু রক্ষা করার জন্য সরকার কিছু পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে একটি হলো নতুন দোকান ও হোটেল নির্মাণ বন্ধ রাখা। এর ফলে দ্বীপের গাছপালা বাঁচানো সম্ভব হবে। |
|---|---|--|-----------|---|
- M1** আমি আবিব। আমার মতে সেখানে বায়ুদূষণ কমাতে গাছপালাগুলোকে বাঁচিয়ে রাখা দরকার। হোটেলগুলোতে যতজন মানুষ থাকতে পারে সেই সংখ্যায় পর্যটকদের দ্বীপে যাওয়ার অনুমতি দেওয়া উচিত যাতে করে স্বাস্থ্য ব্যবস্থাপনা ভেঙে না পড়ে।
- F2** আমি সীমা। আমি মনে করি পর্যটকদের সংখ্যার সাথে মিল রেখে দ্বীপের যাতায়াত ব্যবস্থা ঠিক রাখা। ঝড় থেকে রক্ষায় দ্বীপে আরও গাছপালা লাগানো উচিত। অভিনেতা লিউনার্ডো ডি ক্যাপ্রিও এক টুইটে সেন্ট মার্টিন সংরক্ষণের প্রশংসা করেছেন।
- | | | | | |
|---|---|--|-----------|---|
| 2 | 0 | | M2 | অনলাইন গেইমের ডিজাইন এমনভাবে করা হয়, যাতে যে গেইমটি খেলছে, তার আচরণ এবং মানসিকতায় পরিবর্তন ঘটে। এই ডিজাইন ইতিবাচক বা নেতিবাচক হতে পারে, যেমন এমন হতে পারে, যে গেইম খেলছে সে সমস্যা সমাধানের কৌশল শিখছে অথবা গেইমকে জীবনের সব আনন্দের একমাত্র উৎস হিসেবে বেছে নিয়ে আসক্ত হচ্ছে। |
|---|---|--|-----------|---|
- | | | | | |
|---|---|--|-----------|--|
| 2 | 1 | | F1 | বয়স্ক লোকদের বৃদ্ধাশ্রমে নিরাপদে ও আনন্দে রাখতে আসুন আমাদের সাথে স্বেচ্ছাসেবা করতে। সুন্দর পরিবেশে তাঁদের সাথে সময় কাটান আর তাঁদের পোষা প্রাণীদের বাইরে হাঁটাতে নিয়ে যান। |
|---|---|--|-----------|--|
- | | | | | |
|---|---|--|-----------|--|
| 2 | 2 | | M1 | বয়স্ক লোকদের নিরাপদে রাস্তা পার করে দিতে আমাদের সাহায্য করুন। রাস্তায় ময়লা ফেলে অনেকেই পরিবেশ নোংরা করে রাখে। এসব এড়িয়ে তাঁদের হাঁটতে সহায়তা করুন। |
|---|---|--|-----------|--|
- | | | | | |
|---|---|--|-----------|--|
| 2 | 3 | | F2 | সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের সাহায্যে এগিয়ে আসুন। একটি ভালো পরিবেশে লেখাপড়ার সুযোগ করে দিতে আপনিও তাদের পড়াতে পারেন। |
|---|---|--|-----------|--|
- | | | | | |
|---|---|--|-----------|--|
| 2 | 4 | | M2 | আমি আমার কোম্পানিতে তাদের ছয় মাসের শিক্ষানবিশি করার সুযোগ দিতে চাই যারা ২০ থেকে ২২ বছর বয়সী শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া শেষ করতে পারেনি। শিক্ষানবিশি শেষে তোমরা ছয় মাসে যেসব দক্ষতা অর্জন এবং কর্ম অভিজ্ঞতা লাভ করবে তা তোমাদের জীবনের লক্ষ্য পূরণে সাহায্য করবে। |
|---|---|--|-----------|--|

Section B

Questions and answers in Bengali

- 2 5 M2** আমি মিস্টার আহমেদ। যেসব খাবার আমাদের পছন্দ, তাতে পিৎজা হলো প্রথম স্থানে। পিৎজার স্বাদ ভালো লাগার কারণ এতে ব্যবহার করা চর্বি আর লবণ। স্বাদ বাড়ায় এরকম আরেকটি উপাদান হলো চিনি। বিভিন্ন ফলে অনেক চিনি আছে।
- F1** আমি মিসেস রহমান। সব ফলেই চিনি আছে, তবে চর্বি ও লবণ নেই বললেই চলে। অবশ্য যেসব ফল শরীরে ধীরে ধীরে চিনি সরবরাহ করে, শুধু সেগুলোই শরীরের জন্য ভালো। তাই ফল হিসেবে তরমুজের চেয়ে কলা ভালো। তবে চিনিযুক্ত ‘এনার্জি’ পানীয়গুলো এড়িয়ে চলা উচিত।
- 2 6 M1** আমার একটি খামারবাড়ি আছে। বছরে বেশ কয়েক মাস আমি বাড়ি ছেড়ে খামারবাড়িতে থাকি। খামারে অনেকগুলো গরু আছে, রোদ-বৃষ্টিতে কষ্ট করে সেগুলোর দেখাশোনা করি। সময় অসময়ে রোদ-বৃষ্টির কারণে ফসলের ক্ষতিতে বেশি সমস্যা হয়। তবে খামারবাড়ি থেকে বাইরে বৃষ্টি দেখতে ভালোই লাগে।
- 2 7 F1** গত বছর আমরা শিক্ষা সফরে গিয়েছিলাম দেশের উপকূলীয় অঞ্চলে অচল জাহাজ ভাঙা দেখতে। সেখানে বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা সারিবদ্ধ জাহাজ দেখে গর্বিত হওয়া ও পরিশ্রমী কর্মীদের কাজ করতে দেখা সুখকর হলেও সামগ্রিক অভিজ্ঞতা ছিলো ভয়াবহ। বিদেশি জাহাজ ভাঙার এই খাতে বাংলাদেশ লাভবান হলেও সেখানকার কাজের পরিবেশ একদিকে যেমন বিপজ্জনক, অন্যদিকে এটি পরিবেশ সংরক্ষণকেও প্রশ্নবিদ্ধ করছে।
- 2 8 M2** বিশ্বে প্রতি বছর যে পরিমাণ খাবারের অপচয় হয়, তা দিয়ে বছরে ২০ মিলিয়ন মানুষকে পেট ভরে খাওয়ানো সম্ভব। ইউরোপ-আমেরিকায় বছরে মাথাপিছু খাবার নষ্ট হয় ১১৫ কেজি আর অন্যদিকে বিশ্বের দরিদ্র দেশগুলোতে ১১ কেজি। খাবারের এই অপচয় বন্ধ করতে ব্যবসায়ীরা যাতে বিক্রি হয়নি এমন খাবার ফেলে না দিয়ে দাতব্য প্রতিষ্ঠানগুলোকে দান করেন সেটা নিশ্চিত করতে অনেক দেশ আইন তৈরি করেছে। তবে মনে করা হচ্ছে ২০৩০ সালের মধ্যে ক্ষুধামুক্ত পৃথিবীর যে স্বপ্ন, তা পূরণ করা অনিশ্চিতই থেকে যাবে।

END OF TEST

There are no questions printed on this page

There are no questions printed on this page

There are no questions printed on this page

Copyright information

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2023 AQA and its licensors. All rights reserved.



2 3 6 G 8 6 3 8 / L H / T